# আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

## তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ডসমূহের উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা, ২০২৩

১। **প্রারম্ভিকঃ** বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ৩০ জানুয়ারি ২০২৩ তারিখের প্রজ্ঞাপন নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৬/৫২/প্রশাসন/১৪০ এর মাধ্যমে জারীকৃত "বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা ২০২২" এর নির্দেশনার আলোকে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনাধীন তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ডসমূহের উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা, ২০২৩ প্রণয়ন করা হইল।

২। **সংক্ষিপ্ত শিরোনামঃ** এই নীতিমালাটি "তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ডসমূহের উল্লেখযোগ্য তথ্য এবং মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নীতিমালা, ২০২৩" নামে অভিহিত হইবে।

৩। সংজ্ঞাঃ

(ক) "কোম্পানি" অর্থ আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন;

(গ) "মূল্য সংবেদনশীল তথ্য" বলিতে এই নীতিমালার অনুচ্ছেদ ৩ এ বর্ণিত তালিকাভুক্ত মিউচ্যুয়াল ফান্ডসমূহের তথ্যাবলিকে বুঝাইবে;

(ঘ) "উল্লেখযোগ্য তথ্য" অর্থ এমন তথ্য, যাহা একজন যুক্তিসংগত বিনিয়োগকারীর বিনিয়োগ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিবেচিত হইতে পারে;

**৪। মূল্য সংবেদনশীল তথ্যঃ**

মূল্য সংবেদনশীল তথ্য বলিতে নিম্নোক্ত তথ্যাবলিকে বুঝাইবে-

(অ) আর্থিক অবস্থা সম্পর্কিত প্রতিবেদন, আর্থিক অবস্থার ফলাফল বা এতৎসংক্রান্ত মৌলিক তথ্য;

(আ) লভ্যাংশ ও কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্য;

(ই) ফান্ড ব্যবস্থাপনা ও ফান্ডের কাঠামোগত পরিবর্তন সম্পর্কিত তথ্য;

(ঈ) ফান্ডের অবসায়ন বা রূপান্তর সংক্রান্ত তথ্য;

(এ) কমিশন কর্তৃক প্রণীত বা অনুমোদিত বা জারীকৃত অন্য কোনো বিধিমালা বা প্রবিধানমালা বা আদেশ বা নির্দেশ বা প্রজ্ঞাপনে মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে নির্ধারিত কোনো তথ্য;

(ঐ) কমিশন কর্তৃক সময় সময় সরকারি গেজেটে জারীকৃত প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোনো তথ্য।

৫। উল্লেখযোগ্য তথ্যঃ উপরিউক্ত মূল্য সংবেদনশীল তথ্য ব্যতীত নিম্নবর্ণিত অন্য সকল তথ্য উল্লেখযোগ্য তথ্য হিসেবে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে:-

(১) আর্থিক অবস্থার পরিবর্তন সংক্রান্ত প্রভাবকঃ

(ক) আর্থিক বিবরণীর পরিবর্তন, যেমন- আয়, ব্যয়, নগদ প্রবাহ, প্রাপ্য, দায় বা সম্পদ ইত্যাদির উল্লেখযোগ্য হ্রাস বা বৃদ্ধি ও অধিকাংশ বা উল্লেখযোগ্য সম্পদের পুনর্মূল্যায়ন বা উল্লেখযোগ্য হ্রাস-বৃদ্ধি বিষয়ক কোনো তথ্য বা বিবৃতি বা মন্তব্য;

(খ) আর্থিক বিবরণীর নিম্নোক্ত তুলনামূলক তথ্যাদি:

(অ) ইউনিট প্রতি আয়;

(আ) ইউনিট প্রতি নীট পরিচালনাগত নগদ প্রবাহ;

(ই) ইউনিট প্রতি নীট সম্পদ মূল্য;

(গ) মিউচ্যুয়াল ফান্ডের সম্পদের মূল্য অথবা সম্পদের সংমিশ্রনের উল্লেখযোগ্য পরিবর্তন;

(ঘ) প্রভিশন সংরক্ষণ সম্পর্কিত কোনো বিশেষ নির্দেশনা বা পূর্বে প্রদত্ত কোনো বিশেষ নির্দেশনা কোনো পরিবর্তন; এবং

(ঙ) মিউচ্যুয়াল ফান্ডের একাউন্টিং পলিসির কোনো পরিবর্তন, ইত্যাদি।

(২) কর্পোরেট ঘোষণা সংক্রান্ত তথ্যাদি, যেমন:-

(ক) লভ্যাংশ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত;

(খ) বিনিয়োগকারীদের প্রাপ্যতা সম্পর্কিত কর্পোরেট ঘোষণা বা অন্য কোনো তথ্য; এবং

(গ) লভ্যাংশ বিতরণ পলিসি পরিবর্তন, ইত্যাদি।

(৩) ফান্ড ব্যবস্থাপনা ও কাঠামো পরিবর্তন সম্পর্কিত তথ্যাদিঃ

(ক) ফান্ডের মেয়াদ বর্ধন-কর্তন;

(খ) কোনো একক সিকিউরিটিতে ফান্ডের ১০% বা তাহার বেশি বিনিয়োগ;

(গ) কোনো উল্লেখযোগ্য বিনিয়োগ নগদায়নে লাভ বা ক্ষতি; এবং

(ঘ) ফান্ডের ট্রাস্টির গঠন, ট্রাস্ট দলিলের কোনো পরিবর্তন, ইত্যাদি।

(৪) অন্যান্যঃ

(ক) কোনো গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষর বা পূর্বে ঘোষিত/ স্বাক্ষরিত চুক্তি বাতিল বা উল্লেখযোগ্য সংশোধন;

(খ) ফান্ডের অডিটর কর্তৃক কোয়ালিফাইড প্রতিবেদন দাখিল, ইত্যাদি।

৬। মূল্য সংবেদনশীল তথ্য সরবরাহের পদ্ধতিঃ

(১) মিউচ্যুয়াল ফান্ডসমূহের কোনো মূল্য সংবেদনশীল তথ্য সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ এর ২ (দুই) ঘন্টার মধ্যে চেয়ারম্যান, প্রধান নির্বাহী কর্মকর্তা বা কোম্পানির সচিব এর স্বাক্ষরে লিখিতভাবে একই সাথে কমিশন এবং সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ এর নিকট ই-মেইল, ফ্যাক্স, ডিজিটাল সাবমিশন প্লাটফরম বা বিশেষ বার্তা বাহক মারফত, ক্ষেত্রবিশেষে কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করিতে হইবে; এবং উক্ত তথ্য বহুল প্রচারিত দুইটি দৈনিক পত্রিকায় (একটি বাংলা এবং অপরটি ইংরেজী) এবং একটি অনলাইন (Online) পত্রিকায় অবিলম্বে প্রকাশ এবং একইসাথে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করিতে হইবে।

(২) ট্রাস্টি কর্তৃক প্রেরিত ও প্রকাশিত তথ্যটিতে ব্যবস্থাপক বা ট্রাস্টির পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত গ্রহণের তারিখ ও সময়, কিংবা ক্ষেত্রমতে তথ্যটি উহার গোচরে আসার তারিখ উল্লেখ করিতে হইবে।

(৩) ফান্ডের মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত বিষয়ে ফান্ডের ব্যবস্থাপক বা প্রযোজ্য ক্ষেত্রে ট্রাস্টি কর্তৃক কোন প্রস্তাব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হইলে, ফান্ডের ব্যবস্থাপকের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরিত হইয়াছে মর্মে সংশ্লিষ্ট মূল্য সংবেদনশীল তথ্যের ঘোষণায় উল্লেখ করিতে হইবে এবং উক্ত বিষয়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদন বা সিদ্ধান্ত প্রাপ্তির ০২(দুই) ঘন্টার মধ্যে উপ-অনুচ্ছেদ (১) মোতাবেক পুনরায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ নিশ্চিত করিতে হইবে।

(৪) যে কোনো ধরনের অতিরঞ্জন এড়াইবার জন্য সহজ ও সাবলীল ভাষায় মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করিতে হইবে।

(৫) মূল্য সংবেদনশীল তথ্য সম্পর্কিত বিষয়াদির ঘটনা পরিক্রমা একটি ডিজিটাল ডাটাবেইজে সংরক্ষণ করিতে হইবে।

পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে

মাহমুদা আক্তার

প্রধান নির্বাহী কর্মকর্তা